

## শব্দার্থ ও টীকা

- কনভেন্ট – খ্রিস্টান নারী মিশনারিদের দ্বারা পরিচালিত স্কুল। মিশনারিদের আবাস।
- মাসিংয়ে – সৌজন্য প্রদর্শন ও সম্মান জানানোর জন্য ফ্রান্সে পুরুষদের মসিংয়ে সম্মোধন করা হয়।
- মাদাম – সৌজন্য প্রদর্শন ও সম্মান জানানোর জন্য ফ্রান্সে মহিলাদের মাদাম সম্মোধন করা হয়।
- ফ্রাঁ – ফরাসি মুদ্রার নাম। ২০০২ সাল পর্যন্ত এই মুদ্রা প্রচলিত ছিল। বর্তমানে ইউরোপীয় ইউনিয়নের সদস্য হওয়ায় ফ্রান্স ইউরো ব্যবহার করে।
- ‘বল’ নাচ – বিনোদনমূলক সামাজিক নৃত্যানুষ্ঠান। ইউরোপ-আমেরিকাসহ পৃথিবীর বহু দেশে এই নৃত্য প্রচলিত।
- ক্রুশ – খ্রিস্টান ধর্মীয় প্রতীক।
- স্যাটিন – মসৃণ ও চকচকে রেশমি বস্ত্র। Satin
- প্যারী – প্যারিসের ফরাসি নাম।
- প্যালেস রয়েল – রাজকীয় প্রাসাদ।

## পাঠ-পরিচিতি

বিশ্ববিখ্যাত গল্লকার গী দ্য মোপাসাঁ'র শ্রেষ্ঠ গল্লগুলোর মধ্যে ‘নেকলেস’ অন্যতম। ফরাসি ভাষায় গল্লাটির নাম ‘La Parure’। ১৮৮৪ সালের ১৭ই ফেব্রুয়ারি ফরাসি পত্রিকা ‘La Gaulois’-এ গল্লাটি প্রকাশিত হয় এবং সে বছরই ইংরেজিতে অনুদিত হয়। একই সালে প্রকাশিত ‘নেকলেস’ শীর্ষক গল্লগুলোর মধ্যে গল্লাটি স্থান পায়। অপ্রত্যাশিত কিন্তু অত্যন্ত আকর্ষণীয় সমাপ্তির জন্য গল্লাটি বিপুল জনপ্রিয়তা লাভ করে।